# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১৩ জুন ২০১৬, ৩০ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সরকার অচিরেই গুপ্ত হত্যা বন্ধ করতে সক্ষম হবে : প্রধানমন্ত্রী
প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ক্যারিশম্যাটিক লিডার বললেন মিসরের রাষ্ট্রদূত

২। সরকারি ক্রয় কমিটিতে আখাউড়া-লাখসাম রেললাইন নির্মাণসহ ১৩ ক্রয় প্রস্তাব অনুমোদন

৩। বাংলাদেশ বৈদেশিক ঋণের ওপর নির্ভরশীল নয় : সংসদে অর্থমন্ত্রী

৪। নীতিমালা ভঙ্গ করায় বেসরকারি তিন মেডিকেল কলেজ বন্ধের নির্দেশ

৫। আপিল বিভাগে হাইকোর্টের রায় বহাল
: স্কুল কলেজের গভর্নিং বডির সভাপতি পদে এমপিরা নয়
রায় বাস্তবায়নে পদক্ষেপ নেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৬। বিড়ি শ্রমিকদের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা প্রয়োজন : তথ্যমন্ত্রী
তথ্যমন্ত্রীকে হত্যার হুমকি

৭। ইন্টারনেটভিত্তিক অপরাধ দমনে সহায়তা করছে বিটিআরসি টিম
: সংসদে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী

৮। সাঁড়াশি অভিযানের তৃতীয় দিনে ৪৮ জঙ্গি গ্রেফতার
: তিনদিনে মোট গ্রেফতার ৫ হাজার ২৩৯ জন

৯। দুস্থদের সহায়তায় মন্ত্রীদের তহবিল বাড়ল

১০। সোনালী ব্যাংকে জমা হবে পোশাক শ্রমিকদের জন্য গঠিত শ্রমিক কল্যাণ তহবিলের অর্থ

চলমান পাতা-২

১। **সরকার অচিরেই গুপ্ত হত্যা বন্ধ করতে সক্ষম হবে : প্রধানমন্ত্রী**

**প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ক্যারিশম্যাটিক লিডার বললেন মিসরের রাষ্ট্রদূত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার অচিরেই দেশের জনগণকে সঙ্গে নিয়ে চলমান গুপ্তহত্যা বন্ধ করতে সক্ষম হবে। গত ৫ জানুয়ারি জাতীয় নির্বাচন বানচালের ষড়যন্ত্রে বিএনপি-জামায়াতের দেশব্যাপী সীমাহীন সন্ত্রাস ও নৈরাজ্যের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, এই অশুভ শক্তির উদ্দেশ্যেই হচ্ছে দেশের গণতান্ত্রিক প্রক্রিয়াকে ধ্বংস করা। গতকাল **১২** জুন রোববার প্রধানমন্ত্রীর সঙ্গে তার জাতীয় সংসদ ভবনের কার্যালয়ে মিসরের বিদায়ী রাষ্ট্রদূত মাহমুদ ইজ্জতের বিদায়ী সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। বৈঠকে মিসরের বিদায়ী রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কারিশম্যাটিক লিডার আখ্যায়িত করে বলেন, তার প্রতি বাংলাদেশের জনগণের অকুণ্ঠ সমর্থন ও আস্থা রয়েছে। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ বিষয়ে অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**ইনকিলাব, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সরকারি ক্রয় কমিটিতে আখাউড়া-লাখসাম রেললাইন নির্মাণসহ ১৩ ক্রয় প্রস্তাব অনুমোদন**

আখাউড়া থেকে লাকসাম পর্যন্ত ডুয়েলগেজ ডাবল রেললাইন নির্মাণ এবং সাড়ে ৪ লাখ বৈদ্যুতিক প্রিপ্রেইড মিটার ক্রয়সহ **১৩**টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। প্রকল্পগুলো বাস্তবায়নে মোট ব্যয় হবে ৪ হাজার ৯৩৩ কোটি টাকা। গতকাল **১২** জুন সচিবালয়ে অনুষ্ঠিত ক্রয় কমিটির এ বৈঠকে সভাপতিত্ব করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬)**, ইত্তেফাক (পৃ.২,ক.৬), জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

৩। **বাংলাদেশ বৈদেশিক ঋণের ওপর নির্ভরশীল নয় : সংসদে অর্থমন্ত্রী**

ঋণ পরিস্থিতির পরিমাপক সূচক অনুযায়ী, বাংলাদেশকে কোনো অবস্থায়ই বৈদেশিক ঋণের ওপর নির্ভরশীল হিসেবে গণ্য করা হয় না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তবে বৈদেশিক সহায়তা ছাড়া দেশের বাজেট বাড়ানো যেত না বলেও উল্লেখ করেন তিনি। মন্ত্রী আরো বলেন বৈদেশিক ঋণ সহায়তা কমানোর কোনো উদ্যোগ আমাদের নেই। বরং আমরা চাই, বড় হারে বৈদেশিক সহায়তা নিয়ে এখন আমরা আমাদের কাঠামোগত বিবর্তনের লক্ষ্যে বড় বড় প্রকল্প গ্রহণ করব। গতকাল **১২** জুন রোববার জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৬,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪)**, ডেইলি সান** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৭)।

৪। **নীতিমালা ভঙ্গ করায় বেসরকারি তিন মেডিকেল কলেজ বন্ধের নির্দেশ**

মেডিকেল কলেজ পরিচালনার নীতিমালা ভঙ্গ করায় তিনটি বেসরকারি মেডিকেল কলেজের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ করার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তবে এসব মেডিকেল কলেজের শিক্ষার্থীদের সংশ্লিষ্ট অঞ্চলের বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ অন্যান্য বেসরকারি কলেজে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করার সুযোগ দেওয়া হবে বলে জানান তিনি। গতকাল **১২** জুন রোববার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে বেসরকারি মেডিকেল কলেজ নীতিমালা সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে মন্ত্রী এই নির্দেশ দেন। যে কলেজগুলো বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে সেগুলো হলো রংপুরের নর্দার্ন মেডিকেল কলেজ, গাজীপুরের সিটি মেডিকেল কলেজ এবং আশুলিয়ার নাইটিংগেল মেডিকেল কলেজ। সুত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬) **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৫। **আপিল বিভাগে হাইকোর্টের রায় বহাল : স্কুল কলেজের গভর্নিং বডির সভাপতি পদে এমপিরা নয়**

**রায় বাস্তবায়নে পদক্ষেপ নেওয়া হবে : শিক্ষামন্ত্রী**

দেশের বেসরকারি স্কুল ও কলেজের গভর্নিং বডির সভাপতি পদে সংসদ সদস্যরা থাকতে পারবেন না। সংক্রান্ত হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একই সঙ্গে রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের জন্য গঠিত বিশেষ কমিটি অবৈধ ও বাতিল ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ও স্থগিত করেনি আপিল বিভাগ। গতকাল **১২** জুন রোববার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বে আপিল বিভাগের

চার বিচারপতির বেঞ্চ এ আদেশ দেয়। আদালতে রাষ্ট্রপক্ষে অ্যার্টনি জেনারেল মাহবুবে আলম ও রিট দায়েরকারীর পক্ষে আইনজীবী ড. ইউনুস আলী আকন্দ শুনানি করেন।

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে সংসদ সদস্যদের সভাপতি মনোনীত না করার বিষয়ে সুপ্রিম কোর্টের রায় বাস্তবায়নের পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

মন্ত্রী গতকাল ১২ জুন সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১)**, ইত্তেফাক (পৃ.১,ক.৫), জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৬। **বিড়ি শ্রমিকদের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা প্রয়োজন : তথ্যমন্ত্রী**

**তথ্যমন্ত্রীকে হত্যার হুমকি**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, তামাকমুক্ত দেশ গড়ার লক্ষ্যে তামাকজাত পণ্যের আরোপিত কর আরো বাড়ানো প্রয়োজন। প্রস্তাবিত বাজেটে সিগারেটের ওপর আরোপিত কর যথেষ্ট নয়। এ ক্ষেত্রে বৈষম্যমূলক রাজস্ব নীতি পরিহার করে সমতা নিশ্চিত করা জরুরি। গতকাল ১২ জুন রোববার রাজধানীর সিরডাপ মিলনায়তনে গবেষণা ও উন্নয়ন কালেকটিভ (আরডিসি) আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র- **ইত্তেফাক (পৃ.১৯,ক.১), জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

কাফনের কাপড় পাঠিয়ে জাসদ সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনুকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে। গতকাল ১২ জুন রোববার এ ঘটনা ঘটে। তবে কে বা কারা এ হুমকির সঙ্গে জড়িত তা জানা যায়নি। পল্টন থানার অফিসার ইনচার্জ (ওসি) মোরশেদ আলম জানান, এ ব্যাপারে একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। প্রয়োজনীয় আইনি পদক্ষেপ নেওয়া হবে। সূত্র- **ইত্তেফাক (শেষপৃ.,ক.১), সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

৭। **ইন্টারনেটভিত্তিক অপরাধ দমনে সহায়তা করছে বিটিআরসি টিম**

**: সংসদে ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী**

ফেক আইডি এবং দেশের বাইরে অবস্থানরত অ্যাডমিনের মাধ্যমে পরিচালিত ফেসবুক পেজ, ওয়েবসাইট, ব্লগ ইত্যাদির ওপর বিভিন্ন আইন প্রয়োগকারী এবং গোয়েন্দা সংস্থা নজরদারি করছে। এছাড়া বিটিআরসি হতে বাংলাদেশ কম্পিউটার সিকিউরিটি ইনসিডেন্ট রেসপন্স টিম (বিডিসিএসআইআরটি) নামে একটি টিম গঠন করা হয়েছে, যার মাধ্যমে ইন্টারনেটভিত্তিক অপরাধ দমনে সহায়তা করা হচ্ছে। এছাড়াও ইন্টারনেট সেফটি সলিউশন (আইএসএস) নামে একটি সিস্টেম ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে। এসব প্রক্রিয়ার মাধ্যমে তথ্যপ্রযুক্তিভিত্তিক অপরাধ কমিয়ে আনা সম্ভব। গতকাল ১২ জুন রোববার সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিম। সূত্র-**জনকণ্ঠ (পৃ.৩,ক.৬), সংবাদ** (শেষ পৃ.,ক.৩)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

৮। **সাঁড়াশি অভিযানের তৃতীয় দিনে ৪৮ জঙ্গি গ্রেফতার : তিনদিনে মোট গ্রেফতার ৫ হাজার ২৩৯ জন**

দেশব্যাপী জঙ্গি বিরোধী সাঁড়াশি অভিযানে গত ২৪ ঘন্টায় আরও ৪৮ জঙ্গি গ্রেফতার হয়েছে। এর মধ্যে ৪৭ জন জেমএবি, ১জন এবি (আনসারুল্লাহ বাংলাটিম) জঙ্গি সংগঠনের সদস্য। গত ১০ জুন শুক্রবার পর্যন্ত অভিযানে ৮৫ জঙ্গি গ্রেফতার হয়। এছাড়াও অন্যান্য মামলার আসামি মিলে গতকাল ১২ জুন রোববার পর্যন্ত মোট ৫২৩৯ জনকে গ্রেফতার করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২)**, ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)। **ইনকিলাব, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। **দুস্থদের সহায়তায় মন্ত্রীদের তহবিল বাড়ল**

মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীরা সরকারি স্বেচ্ছাধীন তহবিল থেকে যে পরিমাণ অর্থ দুস্থদের সহায়তা দেন, তা বাড়ানো হয়েছে। গতকাল ১২ জুন রোববার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত একটি আদেশ সংশ্লিষ্টদের কাছে পাঠানো হয়েছে। জানা গেছে, এ তহবিল থেকে এখন মন্ত্রীরা একজনকে সর্বোচ্চ ৫০ হাজার টাকা, প্রতিমন্ত্রীরা ৩৫ হাজার টাকা ও উপমন্ত্রীরা ২৫ হাজার টাকা সহায়তা দিতে পারবেন। বর্তমানে এর পরিমান মন্ত্রীদের ক্ষেত্রে ২৫

হাজার এবং প্রতিমন্ত্রীরা ও উপমন্ত্রীদের জন্য ৬ হাজার টাকা নির্ধারণ রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**১০। সোনালী ব্যাংকে জমা হবে পোশাক শ্রমিকদের জন্য গঠিত শ্রমিক কল্যাণ তহবিলের অর্থ**

পোশাক শ্রমিকদের জন্য গঠিত শ্রমিক কল্যাণ তহবিলের অর্থ সংগ্রহ করে সোনালী ব্যাংকের রমনা করপোরেট শাখায় খোলা অ্যাকাউন্টে জমা দেওয়ার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী আগামী **১** জুলাই থেকে প্রতি একশ' টাকা তৈরি পোশাক রফতানির বিপরীতে **৩** পয়সা এ অ্যাকাউন্টে জমা করতে হবে। সাত দিনের মধ্যে এ হিসাবের অর্থ ওই অ্যাকাউন্টে স্থানান্তর করতে হবে। শ্রমিকদের কল্যাণে এ অর্থ জমা করতে হবে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ ব্যাংক গতকাল **১২** জুন রোববার এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করে ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

=৪=

**সম্পাদকীয়**

**ক. প্রথম আলো :** কৃষকের উৎপাদিত ফসলের মূল্য ক্রেতার হাতে যেতে যেতে পণ্যের দাম কয়েক গুণ বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে খাদ্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে টিসিবিকে শক্তিশালী করার বিকল্প নেই বলে মত প্রকাশ।

**খ. ইত্তেফাক, যায়যায়দিন :** জোরপূর্বক মার্কেটের বারান্দা ও সামনের ফুটপাত দখলের কারণে হকারদের সাথে গুলিস্তানে বিপণি বিতানের ব্যবসায়ীদের মধ্যে সংঘর্ষের ঘটনার কথা উল্লেখ করে এসব অনিয়ম বন্ধে হকারদের পুনর্বাসনে জাতীয় নীতিমালা তৈরির সুপারিশ।

**গ. সংবাদ, ইত্তেফাক, প্রথম আলো :** ঢাকা চিড়িয়াখানায় মাছি বা পোকাবাহিত জটিল রোগ ট্রিপানোসোমিয়াসিসের প্রাদুর্ভাবে এক বাঘের শাবক মারা যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে চিড়িয়াখানার অন্যান্য প্রাণী বাঁচাতে চিড়িয়াখানা কর্তৃপক্ষকে এ ব্যাপারে দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**ঘ. যুগান্তর :** উড়োজাহাজ সংকটে বাংলাদেশ বিমানের আন্তর্জাতিক সিডিউল বিঘ্ন হওয়ায় যাত্রীরা ঘন্টার পর ঘন্টা বিমানবন্দরে কাটাতে বাধ্য হচ্ছে উল্লেখ করে জরুরি ভিত্তিতে ফ্লাইট সিডিউল স্বাভাবিক করে যাত্রী ভোগান্তি কমানোর পাশাপাশি দুর্নীতির গ্রাস থেকে বিমানকে মুক্ত করতে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ. ভোরের কাগজ :** দেশের বাজারে নকল ও ভেজাল ওষুধের দৌরাত্ম্যে উদ্বেগ প্রকাশ করে জনস্বাস্থ্যের ঝুঁকি বিবেচনায় ভেজাল ওষুধ প্রতিরোধে কঠোর আইনি পদক্ষেপের দাবি।

**চ. ডেইলি স্টার, নিউ এজ :** দেশের মোট **১৭** লাখ শিশু অপ্রাতিষ্ঠানিক খাতে শিশু শ্রমিক হিসেবে নিয়োজিত থাকার বিষয় তুলে ধরে শিশু শ্রম বন্ধে মন্ত্রণালয়, সরকার এবং এনজিও এর সমন্বয় সাধনের দ্বারা এ লক্ষ্যে কাজ করার আহ্বান।

**ছ. ইন্ডিপেনডেন্ট :** ২০১৮ সালের মধ্যে দেশের প্রত্যন্ত দ্বীপাঞ্চলে ৫০টি সোলার মিনি গ্রিডের দ্বারা বিদ্যুৎ সরবরাহ করার সরকারি পরিকল্পনার সফল বাস্তবায়নের প্রত্যাশা।

**জ. ডেইলি সান :** প্যাকিং আইটেম হিসেবে পলিথিন ব্যাগের ব্যবহার বন্ধ করতে পাট, কাপড় ও সহজে রিসাইকেলযোগ্য দ্রব্য দিয়ে সহজলভ্য ব্যাগ তৈরি করে তা বাজারে ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউজ টুডে :** রাজধানীর রমনা পার্ক, সোহরাওয়ার্দী উদ্যান ও বলধা গার্ডেনের সবুজ প্রকৃতির যথাযথ সুরক্ষার পাশাপাশি রাজধানীর উন্মুক্ত স্থানে বনায়নের ব্যবস্থা করার সুপারিশ।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বিগত দুই বছর যাবত সরকারি ক্রয় কার্যক্রম ডিজিটাইজেসনের আওতায় এনে ই-প্রকিউরমেন্ট পদ্ধতিতে করার প্রচেষ্টার নানা সমস্যা সত্ত্বেও এ পদ্ধতিতেই সরকারকে ক্রয় পরিচালিত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে সরকারকে গণমাধ্যমের সহায়তায় জঙ্গিবিরোধী জনমত গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'সর্বত্র ভেজালের ছড়াছড়ি '** শিরোনামের নিবন্ধে মোহম্মদ নজাবত আলী খাদ্যে ভেজাল দেওয়া ও ভেজাল খাদ্য বিক্রি করার দায়ে জেল-জরিমানা ছাড়া দীর্ঘমেয়াদি বা সর্বোচ্চ শাস্তির নজির না থাকার কারণে ভেজাল রোধ করা যাচ্ছে না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/ সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা